115
25 DEC 1989 25 DEC 1989
তারিখ 25 DEC 1989
পৃষ্ঠা... ৭ ...কলাম... ৭

দৈনিক খবর

# শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাস দূর করতে ঐক্যবদ্ধ উদ্যোগ গ্রহণের আহবান

কুমিল্লা, ২৪শে ডিসেম্বর (তথ্য বিবরণী) শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বিশ্ববিদ্যালয় তথা শিক্ষাঙ্গনে সন্ত্রাস দূরীকরণের লক্ষ্যে সহযোগিতা প্রদানের জন্য রাজনৈতিক দলসমূহের প্রতি আহবান জানিয়ে বলেছেন, সন্ত্রাসের মুল কারণ শিক্ষাঙ্গনে দলীয় রাজনীতির সম্প্রসারণ এবং এসব দূর করার জন্য শিক্ষাঙ্গনগুলোকে রাজনৈতিক বৃত্তের বাইরে রাখা একান্ত অপরিহার্য।

মন্ত্রী গতকাল এখানে কুমিল্লা জেলা পরিষদ আয়োজিত ১৯৮৯ সনে কুমিল্লা জেলার এস এস সি এবং এইচ এস সি পরীক্ষায় কৃতী ২০ জন ছাত্র - ছাত্রীকে প্রদত্ত এক সম্বর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

কুমিল্লা জেলা পরিষদ চেয়ারম্যান ও সংসদ সদস্য জনাব আনসার আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে অন্যান্যের মাঝে বক্তৃতা করেন সংসদ সদস্য জনাব মনিরুল হক চৌধুরী, সদর উপজেলা চেয়ারম্যান জনাব আবদুল আউয়াল, কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ডঃ মোবারক আলী আখন্দ এবং কৃতী ছাত্র গোলাম রাশেদ আলী ও খোরশেদ আলম।

সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের কৃতী ছাত্র আরিফ আহমদের হত্যার কথা উল্লেখ করে শিক্ষামন্ত্রী বলেন, আমাদের দেশের ভবিষ্যত উজ্জল সম্ভাবনাময় তরুণদের এই পরিণতি জাতিকে বুদ্ধিবৃত্তির ক্ষেত্রে হীন করে তুলবে।

মন্ত্রী এই সর্বনাশা প্রক্রিয়ার বেড়াজাল ছিন্ন করে শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাস দূর করার লক্ষ্যে শিক্ষক, ছাত্র, অভিভাবক ও সমাজ সচেতন নাগরিকদের ঐক্যবদ্ধ পদক্ষেপ গ্রহণের আহবান জানান এবং বলেন, বর্তমান সরকার সবসময় এ ধরনের উদ্যোগকে স্বাগত জানিয়ে আসছে এবং সর্বাত্মক সহযোগিতা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ।

মন্ত্রী বলেন, শিক্ষা হচ্ছে যে কোন দেশের উন্নয়নের পূর্বশর্ত। তিনি বলেন, এ লক্ষ্যকে সামনে রেখেই বর্তমান সরকার সকলের জন্য শিক্ষার সুযোগ নিশ্চিত করতে ব্যাপক কর্মসূচী গ্রহণ করেছে। তিনি শিক্ষা ব্যবস্থাকে দলমত নির্বিশেষে সকল রাজনীতির উর্ধ্বে স্থান দেয়ার জন্য সকলের প্রতি আহবান জানান।